



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর।



www.dss.birganj.dinajpur.gov.bd

স্মারক নং- ৪১.০১.২৭১২.০০০.১৬.০৪১.২০. ২২৬

তারিখঃ ২১ চৈত্র ১৪৩০
০৪ এপ্রিল ২০২৪

বিষয়ঃ হ্যাকার গ্রুপের প্রতারণা হতে সচেতনতা সৃষ্টি করতে ভাতাভোগীদের অবহিত করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপজেলা সমাজসেবা কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর এর আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের মোবাইল নম্বরে হ্যাকারগণ সমাজসেবা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারী পরিচয়ে বিভিন্ন প্রলোভন মূলক কথা বলে নগদের হিসাবনম্বরে OTP চেয়ে ফোন করছেন। পরবর্তীতে ভাতাভোগীদের নিকট হতে সংগৃহীত OTP নম্বরের মাধ্যমে ভাতাভোগীদের ভাতার টাকা উত্তোলন করছেন। এই হ্যাকার গ্রুপ হতে সকল ভাতাভোগীদের সচেতনতা সৃষ্টি করার জন্য এলাকার মসজিদ, মন্দির ও গির্জার মাধ্যমে এবং এলাকায় মাইকিং করে সচেতনতা সৃষ্টি করার জন্য সংশ্লিষ্ট মেয়র ও চেয়ারম্যানগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সমাজসেবা কার্যালয়ের পক্ষ থেকে কখনই কোন ভাতাভোগীর মোবাইল নম্বরে ফোন করে OTP চাওয়া হয় না।

বিষয়টি অতীব জরুরী।

মেয়র/চেয়ারম্যান (সকল)
পৌরসভা/ইউনিয়ন পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর।
অনুলিপিঃ

- ১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, দিনাজপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর।
- ৫। অফিসার ইনচার্জ, বীরগঞ্জ থানা, বীরগঞ্জ, দিনাজপুর।
- ৬। অফিস কপি।

M. Tonikulu
০৭/০৪
২৪

(মোঃ তরিকুল ইসলাম)
উপজেলা সমাজসেবা অফিসার
বীরগঞ্জ, দিনাজপুর।

usso.birganj@dss.gov.bd

৪/০৪/২৪